

বরিশালে প্রধান শিক্ষক বিহীন শতাধিক প্রাথমিক বিদ্যালয়

নিজস্ব সংবাদদাতা : বরিশাল, ১৩ জানুয়ারী।-জেলার ১১৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য পড়ে আছে। এছাড়া, ৯৮টি সহকারী শিক্ষকের পদও শূন্য। ফলে, সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হবার আশংকা দেখা দিয়েছে।

জেলায় মোট ৯৫৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ২৫টি বিদ্যালয়কে সরকারীকরণ করা হয়েছে মাত্র ২ বছর আগে। এই ২৫টি বিদ্যালয়ে প্রথম থেকেই কোনো প্রধান শিক্ষক নিয়োগ করা হয়নি। এ নিয়ে সর্বমোট ১১৭টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য পড়ে আছে। তাছাড়া শূন্য পড়ে আছে ৯৮টি সহকারী শিক্ষকের পদও।

সর্বমোট ২১৫ জন শিক্ষকের পদ শূন্য থাকায় জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির অসংখ্য শিশুর লেখাপড়ার ক্ষতি হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, বরিশাল জেলার ৯৫৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী সংখ্যা মোট ২ লাখ ১৪ হাজার ৪৮ জন। বিদ্যালয়গুলির শিক্ষকের পদের সংখ্যা ৪ হাজার ৪৩।

প্রধান ও সহকারী শিক্ষকদের শূন্য পদগুলির মধ্যে রয়েছে জেলার সদর থানার প্রধান শিক্ষকের পদ ৯ ও সহকারী শিক্ষকের ২টি। বাখরগঞ্জ থানায় প্রধান শিক্ষকের পদ ১৪ ও সহকারী শিক্ষকের পদ ৩২। বানরিপাড়া থানায় প্রধান শিক্ষকের পদ ১০ ও সহকারী শিক্ষকের পদ ৫। মূলাদী থানায়

প্রধান শিক্ষকের পদ ৭ ও সহকারী শিক্ষকের পদ ২। আগৈলঝাড়া থানায় প্রধান শিক্ষকের পদ ১০ ও সহকারী শিক্ষকের পদ ১। গৌরনদী থানায় প্রধান শিক্ষকের পদ ৯ ও সহকারী শিক্ষকের পদ ৭। উজিরপুর থানায় প্রধান শিক্ষকের পদ ৮ ও সহকারী শিক্ষকের পদ ১২। হিজলা থানায় প্রধান শিক্ষকের পদ ১১ ও সহকারী শিক্ষকের পদ ১৬। মেহেন্দিগঞ্জ থানায় প্রধান শিক্ষকের পদ ৭ ও সহকারী শিক্ষকের পদ ১০ এবং বাবুগঞ্জ থানায় প্রধান শিক্ষকের পদ ৭ ও সহকারী শিক্ষকের পদ ১১।

এ অবস্থা চলতে থাকলে জেলার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা পর্যায়ের সরকারী কার্যক্রম নিশ্চিতভাবে ব্যাহত হবে।